

- ৪। ওদের, পাষণ গলা সুরে,
মন নিল যে কেড়ে,
কেন্দে পুরুষ নারী, ধুলায় গড়ায়, তাদের রে তোল ॥
- ৫। এঁরা— ওড়াকান্দী গণ,
মানে না শমন ।
মরণ সাপটে ধরে বলে, বাঁধন এবার খোল ॥
—মহানন্দ হালদার

১৪৫ নং

তাল—ঝাপতাল

- বলরে হরি বলরে হরি, হরি বল ।
সন্ধ্যা এলো নীরব হ'য়ে বলরে হরি বল ॥
- ১। সারা বেলার ধূলা মাটি ধুয়ে ফেলে হওরে খাঁটি ;
মনকে এনে আপন ঘরে ফেল অশ্রুজল ॥
- ২। হৃদয়ে পাত' আসনটি তাঁর, দূর হবে তোর ঘরের আঁধার,
জ্ঞানের শিখা তুলে দিয়ে, প্রেমের আলো জ্বাল ॥
- ৩। তার চরণে ঢেলে দেবে, তোর আসন বলতে যা আছে,রে,
ঐ দ্যাখ্ ধরা ধোয়ায় চরণ যে তার, শিশির জল ॥
- ৪। সকল দিয়ে তার চরণে, মেতে থাকরে তাঁরই গানে,
তাঁর গানের সুর যে আর কিছু নাই, শুধুই হরিবল ॥
—কেশবচন্দ্র হালদার

